



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বেসরকারি কলেজ শাখা  
www.dshe.gov.bd  
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০২২.২১.৬৩৬

তারিখ: ১৫ পৌষ ১৪২৮

৩০ ডিসেম্বর ২০২১

বিষয়: শেরপুর জেলার শহীদ মুক্তিযোদ্ধা কলেজের অধ্যক্ষ জনাব মোঃ সেকান্দার আলীর বিরুদ্ধে  
অভিযোগ

উপজেলা নির্বাহী অফিসার নালিতাবাড়ী এর স্মারক নং ০৫.৪৫.৮৯৭০.০০২.১৪.০০২.২০-৮৮২, তারিখ-২৪/১২/২০২০খ্রি.  
মোতাবেক শেরপুর জেলার শহীদ মুক্তিযোদ্ধা কলেজের অধ্যক্ষ জনাব মোঃ সেকান্দার আলী কর্তৃক ভাউচার বহির্ভূত ও  
অদৃশ্য ব্যয়ে অডিট কমিটি কর্তৃক তথ্য বিবরণীসহ অভিযোগপত্র দাখিল এর প্রেক্ষিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও  
উপজেলা সমবায় অফিসারকে তদন্ত প্রতিবেদন দেয়ার জন্য বলা হলে তারা প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কমিটি সার্বিক মন্তব্যঃ কলেজ পরিচালনার ক্ষেত্রে কোন পূর্ব অভিজ্ঞতা বিহীন একজন শিক্ষককে অধ্যক্ষ পদে নিয়োগ  
দেওয়ায় কলেজ পরিচালনায় অনেক অনিয়ম দেখা যায়। বিভিন্ন বিল ভাউচার যাচাই করে দেখা যায় যে, বিভিন্ন বছরের  
বেতন ও পরীক্ষার ফি আদায় এবং খরচের জন্য শিক্ষকদের নিয়ে কমিটি করে দেয়া হয়। এই কমিটির মাধ্যমে অনেক অর্থ  
ব্যয় করা হয়েছে। কলেজ পরিচালনা কমিটি পূর্ব থেকে কলেজের আয় ব্যয় সংক্রান্ত বিষয়গুলোর উপর কার্যকর পদক্ষেপ  
গ্রহণ করলে এ ধরনের অনিয়ম সৃষ্টি হতো না।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে ০৫ কর্মদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-১২-২০২১

মোঃ আবদুল কাদের  
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) অধ্যক্ষ, শহীদ মুক্তিযোদ্ধা কলেজ, শেরপুর।
- ২) সভাপতি, গভর্নিং বডি, শহীদ মুক্তিযোদ্ধা কলেজ,  
শেরপুর।